# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

৩০ এপ্রিল ২০২৪খ্রি.

### চট্টগ্রাম বিভাগে নবযোগদানকৃত ৪১তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা বৃন্দের সাথে পরিচিতি ও আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চসিকের ভারপ্রাপ্ত মেয়র গিয়াস উদ্দিন।

চট্টগ্রাম বিভাগে নবযোগদানকৃত ৪১তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা বৃন্দের সাথে পরিচিতি ও আলোচনা সভা লালদিঘীস্থ চসিক দুর্যোগ ব্যবস্থাপনা ভবনে মঙ্গলবার সকালে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চসিকের ভারপ্রাপ্ত মেয়র গিয়াস উদ্দিন। চসিকের ভারপ্রাপ্ত সচিব নজরুল ইসলামের সঞ্চালনায় চসিকের কাউন্সিলরবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ নবযোগদানকৃত কর্মকর্তাদের চসিকের কার্যক্রমের উপর আলোকপাত করেন।

### তীব্র গরমে নগরীতে পথচারীদের মাঝে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর পক্ষে পানি ও শরবত বিতরণ।

তীব্র গরমে হাঁসফাঁস করা পথচারীদের মাঝে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর পক্ষে পানি ও শরবত বিতরণ করা হচ্ছে। মঙ্গলবার ৪টি গাড়িতে করে নগরীর বিভিন্ন স্থানে এ কার্যক্রমের তদারকি করেন চসিকের সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন জয়।

### চসিকের উচ্ছেদ অভিযান পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট( যুগ্ম জেলা জজ) মনিষা মহাজন এর নেতৃত্বে আজ মঙ্গলবার বিকালে নগরীতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। ভ্রাম্যমান আদালত নগরীর ফলমন্ডি স্টেশন রোড, নিউ মার্কেট, জুবলী রোড এবং আমতল পর্যন্ত নালা ও ফুটপাত দখল করে অবৈধভাবে গড়ে উঠা স্থাপনা, দোকান উচ্ছেদ ও মালামাল জব্দ করা হয়। এছাড়াও সদরঘাট অমর চাঁদ রোডের উভয় পাশে অবস্থিত সাইকেল পার্টসের দোকানের বর্ধিত অংশ ভেঙ্গে দিয়ে ফুটপাতের উপর অবৈধভাবে রাখা সাইকেল জব্দ করে মানুষ চলাচলের জন্য ফুটপাত উম্মুক্ত করে দেয়া হয় অভিযান চলাকালীন সময় সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

অভিযান সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

### চট্টগ্রামে ২য় সড়ক নিরাপত্তা সাংবাদিকতা কর্মশালা অনুষ্ঠিত

ব্লুমবার্গ ফিলানথ্রপিস ইনিশিয়েটিভ ফর গ্লোবাল রোড সেফটির (বিআইজিআরএস) সহযোগিতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) এবং ভাইটাল স্ট্র্যাটেজিস আজ নগরীর একটি রেস্টুরেন্টে '২য় সড়ক নিরাপত্তা সাংবাদিকতা কর্মশালা'র আয়োজন করে। এতে বিভিন্ন গণমাধ্যমের মোট ১৯ জন সাংবাদিক অংশগ্রহণ করেন।

কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব গিয়াস উদ্দিন, প্যানেল মেয়র, চসিক। তিনি চট্টগ্রাম শহরে সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে রোড ক্র্যাশ হ্রাস ও প্রতিরোধে জরুরি পদক্ষেপের কথা তুলে ধরেন। তিনি সড়ক নিরাপত্তার চ্যালেঞ্জ মোকাবেলায় জনসচেতনতামূলক প্রচারণা এবং ট্রাফিক আইন প্রয়োগের গুরুত্বের ওপর জোর দেন। ভবিষ্যতে সড়ক নিরাপত্তাকে বিবেচনায় নিয়ে চট্টগ্রামে সড়ক অবকাঠামো নির্মাণ করা হবে বলেও তিনি আশ্বাস দেন।

সমাপনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার (ট্রাফিক) জনাব মাসুদ আহমেদ, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) সহকারী পরিচালক জনাব আতিকুর রহমান এবং ভাইটাল স্ট্র্যাটেজিস-সিঙ্গাপুর অফিসের প্রোগ্রাম অফিসার সুগান্থি সারাভানান।এতে সভাপতিত্ব করেন চসিকের প্রধান প্রকৌশলী শাহিন উল ইসলাম

চৌধুরী, এবং সঞ্চালনা করেন বিআইজিআরএস-চট্টগ্রামের ইনিশিয়েটিভ কোঅর্ডিনেটর জনাব লাবিব তাজওয়ান উৎসব। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি সাংবাদিকদের হাতে সনদপত্র তুলে দেন।

কর্মশালায় সড়ক নিরাপত্তা ঝুঁকির কারণ হিসাবে গতি এবং দুর্ঘটনারতথ্য-উপাত্তের প্রয়োজনীয়তাও সল্যুশন জার্নালিজমের উপর আলোকপাত করা হয়। কর্মশালার শুরুতে বিশ্ব স্বাস্থ্য সংস্থারন্যাশনাল প্রফেশনাল অফিসার - এনসিডিড. সৈয়দ মাহফুজুল হকবিশ্বব্যাপী সড়ক নিরাপত্তার পরিস্থিতিতুলে ধরেন। জন্স হপকিন্স ইন্টারন্যাশনাল ইনজুরি রিসার্চ ইউনিট-জেএইচআইআইআরইউ এরগবেষণা সহযোগীশিরিন ওয়াধানিয়া ওসহকারী বিজ্ঞানী জাবির হোসেন রোড ক্র্যাশর যথাযথ তথ্য-উপাত্তের উৎস ও প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন।ওয়ার্ল্ড রিসোর্সেস ইনস্টিটিউট-ডব্লিউআরআই এর কনসালটেন্ট, স্থপতি ফারজানা ইসলাম তমা সড়ক নিরাপত্তা নিশ্চিতে সঠিক সড়ক ডিজাইনের গুরুত্ব তুলে ধরেন। বিআইজিআরএস-চট্টগ্রামের সার্ভিল্যান্স কো-অর্ডিনেটরকাজী মো.সাইফুন নেওয়াজ চট্টগ্রাম রোড সেফটি রিপোর্ট ২০২০-২০২২ থেকে রোড ক্র্যাশর তথ্য তুলে ধরেন। আমিনুল ইসলাম সুজন, টেকনিক্যাল অ্যাডভাইজার, ভাইটাল স্ট্র্যাটেজিস ও মো. মাহামুদুল হাসান (বিআইজিআরএস-এর কমিউনিকেশন অফিসার) সল্যুশন জার্নালিজম, গণমাধ্যমের দুর্ঘটনার সংবাদ প্রচারের গুরুত্ব নিয়ে আলোচনা করেন।ভাইটাল স্ট্র্যাটেজিসের সার্ভেইল্যান্স বিভাগেরডেপুটি ডিরেক্টর ইজাকুয়েল দন্তেস ওসিনিয়র টেকনিক্যাল অ্যাডভাইজারমিরিক পালা সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে নীতিগত উদ্যোগ গ্রহণে তথ্যের গুরুত্ব নিয়ে কথা বলেন।

প্রসঙ্গত, রোড ট্রাফিক ইনজুরি (আরটিআই) বিশ্বে মৃত্যু এবং অক্ষমতার একটি উল্লেখযোগ্য কারণ হিসাবে দেখা দিয়েছে। প্রতি বছর প্রায় ১২ লক্ষ মানুষ রোড ক্র্যাশের কারণে প্রাণ হারায়।অন্যদিকে, চসিক ও সিএমপি থেকেযৌথভাবে প্রকাশিত চট্টগ্রাম রোড সেফটি রিপোর্ট ২০২০-২২ এ দেখা গেছে, চট্টগ্রামে ২০২০ থেকে ২২ সালের মধ্যে ২৬৩ জন রোড ক্র্যাশে প্রাণ হারিয়েছেন। একই সাথে প্রতিবেদনটিতে শহরের সবচেয়ে ঝুঁকিপূর্ণ ১০টি সড়ক করিডোর এবং স্পট চিহ্নিত করা হয়েছে, যেখানে সড়ক নিরাপত্তা নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

উল্লেখ্য, সকালে কর্মশালার উদ্বোধন করেন চসিক প্রধান প্রকৌশলী ইঞ্জি. শাহিন উল ইসলাম চৌধুরী।

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন: মাহমুদুল হাসান, কমিউনিকেশন অফিসার, বিআইজিআরএস। ০১৫২১৪২১৫৯৭

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮